যুগান্তর
প্রিন্ট: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:০৮ এএম

শিক্ষাঙ্গন

# কোনো অপশক্তি জাকসু নির্বাচন আটকাতে পারবে না: প্রক্টর

জাবি প্রতিনিধি
প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩২ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আওয়ামীপন্থি ফ্যাসিস্ট শিক্ষকদের বিচার না হলে কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচন হতে দেবেন না বলে হুঁশিয়ারি দিয়েছেন শাখা ছাত্রদলের আহ্বায়ক সদস্য ও ছাত্রদলের প্যানেলের কার্যকরী সদস্য পদপ্রার্থী হামিদুল্লাহ সালমান।

রোববার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে নির্বাচন কমিশনের সঙ্গে প্রার্থীদের আলোচনা সভায় তিনি এ হুঁশিয়ারি দেন।

সালমান বলেন, আসন্ন জাকসু নির্বাচনের আগেই আওয়ামীপন্থি ফ্যাসিস্ট শিক্ষকদের বিচার করতে হবে এবং অছাত্রদের বের করতে হবে; অন্যথায় আগামী ১১ তারিখের জাকসু নির্বাচন হতে দেব না।

তার বক্তব্যের পর তাৎক্ষণিক প্রতিক্রিয়া দেখান শিক্ষার্থীরা। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও নির্বাচন কমিশনের সদস্য সচিব অধ্যাপক একেএম রাশিদুল আলম বলেন, কোনো অপশক্তি জাকসু নির্বাচন আটকাতে পারবে না। যথাসময়ে জাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে।